

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৮১

১/ বিবিধ

আরবী

من كانت له حمولة تأوي إلى شبع (وري) ، فليصم رمضان حيث أدركه
ضعيف

أخرجه أبو داود (1 / 378) وأحمد (3 / 476 و 5 / 7) والعقيلي في " الضعفاء (ص 259) من طرق عن عبد الصمد بن حبيب بن عبد الله الأزدي: حدثني حبيب بن عبد الله قال: سمعت سنان بن سلمة بن المحبق الهذلي يحدث عن أبيه قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره، وقال العقيلي - والزيادة له - : " لا يتابع عليه، ولا يعرف إلا به ". يعني عبد الصمد هذا، وقد أورده البخاري في " الضعفاء " أيضا وقال (ص 24) : " لين الحديث، ضعفه أحمد

وقال المنذري في " مختصر السنن " (3 / 290) : " قال ابن معين: ليس به بأس، وقال أبو حاتم الرازي: يكتب حديثه، وليس بالمتروك، وقال: يحول من: " كتاب الضعفاء " - ثم ذكر ما نقلناه عن البخاري ثم قال - وقال البخاري أيضا: منكر الحديث، زاهب الحديث، ولم يعد البخاري هذا الحديث شيئا

قلت: وفيه علة أخرى، وهي جهالة ابنه حبيب بن عبد الله، قال الذهبي في " الميزان " والعسقلاني في " التقريب " : " مجهول ". والحديث أورده الحافظ شمس الدين ابن عبد الهادي في رسالته " الأحاديث الضعيفة والموضوعة " (ق 2 / 217) في جملة أحاديث من " ما يذكره بعض الفقهاء والأصوليين أو المحدثين محتجا به أو غير محتج به مما ليس له إسناد، أوله إسناد ولا يحتج بمثله النقاد من أهل العلم ". ثم ساق أحاديث

كثيرة هذا أحدها

বাংলা

৯৮১। যে ব্যক্তির নিকট বাহন বোঝাই মাল থাকবে যা তাকে তৃপ্ত অবস্থার দিকে পৌঁছে দিবে, সে রামাযান মাসকে যেখানেই পাবে সেখানেই যেন সওম পালন করে।

হাদীছটি দুর্বল।

এটি আবু দাউদ (১/৩৭৮), ইমাম আহমাদ (৩/৪৭৬, ৫/৭) ও উকায়লী "আয-যোয়াফা" (পৃঃ ২৫৯) গ্রন্থে বিভিন্ন সূত্রে আব্দুস সামাদ ইবনু হাবীব হতে তিনি হাবীব ইবনু আবদিলাহ হতে তিনি সিনান ইবনু সালামা ইবনে আল-মুহাব্বিক আল-হুযালী হতে তিনি তার পিতা হতে ... বর্ণনা করেছেন।

উকায়লী বলেনঃ তার (আব্দুস সামাদের) অনুসরণ করা যায় না। হাদীছটি একমাত্র তার মাধ্যমেই চেনা যায়।

তাকে ইমাম বুখারী "আয-যোয়াফা" (পৃঃ ২৪) গ্রন্থে উল্লেখ করে বলেনঃ তিনি হাদীছের ক্ষেত্রে দুর্বল। ইমাম আহমাদ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন।

মুন্যেরী "মুখতাসারুস সুনান" (৩/২৯০) গ্রন্থে বলেনঃ ইবনু মাঈন বলেনঃ তার ব্যাপারে কোন সমস্যা নেই। আবু হাতিম আর-রাযী বলেনঃ তার হাদীছ লিখা যাবে। তিনি মাতরুক নন। অতঃপর তিনি ইমাম বুখারীর উল্লিখিত কথাগুলো উল্লেখ করে বলেনঃ তিনি আরো বলেছেনঃ তিনি মুনকারুল হাদীছ, যাহেবুল হাদীছ। এ হাদীছটিকে ইমাম বুখারী গণ্যই করেননি।

আমি (আলবানী) বলছিঃ এটিতে আরেকটি সমস্যা রয়েছে। তা হচ্ছে হাবীব ইবনু আবদিলাহ মাজহুল। যাহাবী "আল-মীযান" গ্রন্থে এবং ইবনু হাজার "আততাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি মাজহুল।

শামসুদ্দীন ইবনু আদিল হাদী তার "আল-আহাদীছয য'ঈফ ওয়াল মাওয়ুআহ" (কাফ ২/২১৭) গ্রন্থে হাদীছটি উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71860>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন